# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭০৮

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বাধাগ্রস্ত হওয়া এবং হজ্জ ছুটে যাওয়া

بَابُ الْإِحْصَارِ وَفَوْتِ الْحَجِّ

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَحَالَ كُفَّارُ قُرَيْشٍ دُونَ الْبَيْتِ فَنَحَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَدَايَاهُ وَحَلَقَ وَقَصَّرَ أَصْحَابه. رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

২৭০৮-[২] ’আব্দুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে (’উমরা করতে) বের হলাম। কুরায়শ কাফিররা আমাদের ও বায়তুল্লাহর মধ্যে (হুদায়বিয়ায়) প্রতিবন্ধক হয়ে দাঁড়ালো। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে নিজের কুরবানীর পশুগুলো যাবাহ করলেন, মাথা মুণ্ডন করলেন এবং তাঁর সাথীগণ মাথার চুল ছাটলেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৮১২, নাসায়ী ২৮৫৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১০০৭৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَنَحَرَ النَّبِيُّ ﷺ هَدَايَاهُ وَحَلَقَ) ‘‘নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কুরবানীর পশুসমূহ যাবাহ করলেন এবং স্বীয় মাথা মুন্ডালেন।’’ অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুদায়বিয়াতে বাধাপ্রাপ্ত হওয়ার পর তিনি সেখানেই কুরবানীর পশু যাবাহ করার পর স্বীয় মাথা মুণ্ডন করে ইহরাম থেকে হালাল হয়ে গেলেন।

মুহসার তথা হজ্জ/হজ অথবা ‘উমরার ইহরাম বাঁধার পর বাধাপ্রাপ্ত হলে কুরবানীর পশু যাবাহ করার পর মাথা মুন্ডানো অথবা চুল ছেঁটে ফেলা ওয়াজিব কি-না এ বিষয়ে ‘আলিমদের মাঝে ভিন্ন মত রয়েছে।

(ক) শাফি‘ঈ-এর মতে মাথা নেড়ে করা অথবা চুল ছেঁটে ফেলা ওয়াজিব। কেননা মাথা নেড়ে করা অথবা চুল ছেঁটে ফেলাও ‘ইবাদাত। ইমাম আবূ ইউসুফ এবং আহমাদ ইবনু হাম্বল থেকেও একটি বর্ণনা এরূপ পরিলক্ষিত হয়।

(খ) ইমাম আহমাদ-এর প্রসিদ্ধ মত হলো তা ওয়াজিব নয়। ইমাম আবূ হানীফা এবং মুহাম্মাদ ইবনুল হাসান- এ মতের প্রবক্তা, মালিকীদের অভিমত এটাই।

ইমাম নাবাবী তাঁর মানাসিক গ্রন্থে উল্লেখ করেছেন যে, তিনটি কাজের মাধ্যমে ইহরাম থেকে হালাল হওয়া অর্জিত হয়।

(ক) পশু যাবাহ করা,

(খ) হালাল হওয়ার নিয়্যাত করা,

(গ) মাথা নেড়ে করা অথবা চুল ছেঁটে ফেলা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন